


ভূমি মন্ত্রণালয়ের বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ অর্জন

প্রকাশন তারিখ : 2022-07-23



ভূমি মন্ত্রণালয়ের বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ অর্জন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে সরাসরি উপস্থিত থেকে

বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদান করেন। ভূমি সচিব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ-এই সময় ভূমি মন্ত্রণালয়ের পক্ষে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ গ্রহণ করেন।

মাননীয় প্রধানমন্ত্রী অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি অংশ নেন এবং দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। এই সময় মাননীয় ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী ওসমানী স্মৃতি মিলনায়তন প্রান্তে উপস্থিত ছিলেন।

স্বচ্ছতা ও দক্ষতার সাথে সরকারি সম্পত্তির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে প্রতিষ্ঠিত 'ভূমি তথ্য ব্যাংক'-এর জন্য 'সংস্কার' ক্যাটাগরিতে 'প্রতিষ্ঠান' পর্যায়ে 'ভূমি মন্ত্রণালয়' 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২' অর্জন করেছে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত বছরের (২০২১) ৮ই সেপ্টেম্বর ভূমি তথ্য ব্যাংক (ল্যান্ড ডাটা ব্যাংক) উদ্বোধন করেন।